দৈনিক সংবাদ APR 11 2001

তারিখ ..............

পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৬ ......

# পঞ্চগড়ে পরীক্ষা গ্রহণে অনিয়মের অভিযোগ

পঞ্চগড় থেকে এস.এ মাহমুদ সেলিম ঃ ত শনিবার (৩১ মার্চ) এসএসসি পরীক্ষার শেষ দিনে বোদা পাইলট উচ্চ বিদ্যালয় কেন্দ্রে ভূগোল রচনামূলক বিষয়ের প্রশ্নপত্র য়ে কেলেংকারির ঘটনা ঘটেছে। প্রশাসন পরীক্ষা কেন্দ্রের সংশ্লিষ্ট কর্তৃপক্ষের চরম য়িত্বহীনতার খেসারত দিতে বোর্ডের য়ম বহির্ভূতভাবে ভূগোল রচনামূলক রীক্ষা চলাকালে দুধরনের প্রশ্নপত্র 'ক' ও সেটে পরীক্ষা নেয়া হয়েছে।

জানা গেছে, ঐদিন পঞ্চগড় জেলার াদা পাইলট উচ্চ বিদ্যালয় কেন্দ্রে নএসসি পরীক্ষার ভূগোল বিষয়ে মোট ৩৪ জন পরীক্ষার্থী অংশগ্রহণ করে। এর ধ্য কর্তৃপক্ষ ৭৭১ জন পরীক্ষার্থীকে 'খ' টের প্রশ্নপত্র সরবরাহ করে। আর বাকি ৩ জন পরীক্ষার্থীকে খ সেটের প্রশ্নপত্র দিয়ে ক সেটের প্রশ্নপত্র দেয়া হয়। পত্র পাওয়ার পর পরীক্ষার্থীরা যথারীতি ক্ষা দিয়ে চলে আসার পর ঘটনাটি ফাঁস পড়ে। মুহূর্তের মধ্যে এ ঘটনা সর্বত্র য়ে পড়ার পর ছাত্রছাত্রী ও অভিভাবক- মধ্যে আতংক ছড়িয়ে পড়ে। সে সঙ্গে ছাত্রছাত্রী ও বিক্ষুব্ধ লোকজন কেন্দ্র সচিবের কক্ষ ঘেরাও করে রাখে এবং কেন্দ্র সচিবের বিভিন্ন দুর্নীতি ও অনিয়মের প্রতিবাদ জানায়।

উল্লেখ্য, নিয়ম অনুযায়ী পরীক্ষার প্রশ্নপত্র সংশ্লিষ্ট থানা বা ট্রেজারি থেকে ইউএনও অথবা একজন প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেট কেন্দ্র সচিবসহ নির্ধারিত বিষয়ের প্রশ্নপত্র যথাযথভাবে যাচাই-বাছাইপূর্বক পরীক্ষার্থীদের মাঝে বিতরণ করবেন। কিন্তু অত্যন্ত আশ্চর্যজনক যে, প্রশ্নপত্র গ্রহণের সময় প্রশাসনের সংশ্লিষ্ট কর্মকর্তা বা কেন্দ্র সচিব এমন গুরুত্বপূর্ণ বিষয়টি কিভাবে এড়িয়ে গেলেন— এ নিয়ে জনমনে নানা প্রশ্নের সৃষ্টি হয়েছে। এব্যাপারে উক্ত কেন্দ্রের সভাপতি বোদা ইউএনও এসএম আরিফ-উর রহমানের সঙ্গে ফোনে যোগাযোগ করা হলে তার অনুপস্থিতিতে সহকারী কমিশনার (ভূমি) জানান, প্রশ্নপত্র সঠিকভাবে বুঝে নেয়ার দায়িত্ব কেন্দ্র সচিবের। আমাদের এ ব্যাপারে কোন বলার নেই।

পরবর্তীতে বোদা পাইলট উচ্চ বিদ্যালয় কেন্দ্রের সচিব মো. আমির হোসেনের সাথে যোগাযোগ করা হলে তিনি 'সংবাদ'কে জানান, অসাবধানতাবশত 'খ' সেটের বদলে 'ক' সেটের প্রশ্ন সরবরাহ করা হয়েছে। তবে 'ক' সেটের পরীক্ষা নেয়া ২৬৩টি খাতা পৃথকভাবে প্যাকেট করে বোর্ডে পাঠানো হয়েছে। সেসঙ্গে বিস্তারিত ঘটনা রাজশাহী পরীক্ষা নিয়ন্ত্রককে জানানো হয়েছে।

এদিকে বোদা পাইলট উচ্চ বিদ্যালয় কেন্দ্রের গত বুধবার অনুষ্ঠিত গণিত বিষয়ের ৬৫ জন ছাত্রছাত্রীর পরীক্ষার খাতা কেন্দ্র সচিব ও কতিপয় শিক্ষকের সহায়তায় পরীক্ষাশেষে সংশোধন করে দেয়ার সুনির্দিষ্ট অভিযোগ পাওয়া গেছে।